

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৯৯

১/ বিবিধ

আরবী

إن العبد ليتكلم بالكلمة لا يلقي لها بالاً يرفعه الله بها درجات
ضعيف

أخرجه البخاري (6478 فتح) وأحمد (2/334) والمروزي في زوائد الزهد
4393) والبيهقي في " الشعب " (2/67/1) من طريق عبد الرحمن بن عبد الله بن
دينار، عن أبيه عن أبي صالح، عن أبي هريرة مرفوعاً به
قلت: وهذا إسناد ضعيف، وله علتان
الأولى: سوء حفظ عبد الرحمن هذا مع كونه قد احتج به البخاري، فقد خالفوه
وتكلموا فيه من قبل حفظه، وليس في صدقه.

قال يحيى بن معين: " حدث يحيى القطان عنه، وفي حديثه عندي ضعف
رواه العقيلي في " الضعفاء " (2/339/936) ، وابن عدي في " الكامل " (4/1607)

قال عمرو بن علي: لم أسمع عبد الرحمن (يعني ابن مهدي) يحدث عنه بشيء قط
رواه ابن عدي

وقال أبو حاتم: " فيه لين، يكتب حديثه ولا يحتج به ". رواه ابن أبي حاتم في " الجرح
والتعديل " (2/4/254)

قال ابن حبان في " الضعفاء " (2/51) : " كان ممن ينفرد عن أبيه بما لا يتابع عليه مع فحش الخطأ في روايته، لا يجوز الاحتجاج بخبره إذا انفرد، كان يحيى القطان يحدث عنه، وكان محمد بن إسماعيل البخاري ممن يحتج به في كتابه ويترك حماد بن سلمة

وقال ابن عدي في آخر ترجمته بعد أن ساق له عدة أحاديث: " بعض ما يرويه منكر لا يتابع عليه، وهو في جملة من يكتب حديثه من الضعفاء

وقال الدارقطني: خالف فيه البخاري الناس، وليس بمتروك

وأورده الذهبي في " الضعفاء " وقال: وثق، وقال ابن معين: في حديثه ضعف وتبني في " الكاشف " قول أبي حاتم في تليينه

ولخص هذه الأقوال ابن حجر في " التقريب " فقال: " صدوق يخطيء ". ولا يخالف هؤلاء قول ابن المديني: " صدوق ". وقول البغوي: " صالح الحديث "، لأن الصدق لا ينافي سوء الحفظ. وأما قول البغوي فشاذ مخالف لمن تقدم ذكرهم فهم أكثر وأعلم، وكأنه لذلك لم يورده الحافظ في ترجمة عبد الرحمن هذا من " مقدمة الفتح " (ص 417) بل ذكر قول الدارقطني وغيره من الجارحين، ولم يستطع أن يرفع من شأنه إلا بقوله: " ويكفيه رواية يحيى القطان عنه

وقد ساق له حديثا (ص 462) مما انتقده الدارقطني على البخاري لزيادة تفرد بها، فقال الدارقطني: " لم يقل هذا غير عبد الرحمن، وغيره أثبت منه وباقي الحديث

صحيح

ولم يتعقبه الحافظ بشيء بل أقره فراجعه إن شئت

وبالجملة فضعف هذا الراوي بعد اتفاق أولئك الأئمة عليه أمر لا ينبغي أن يتوقف فيه باحث، وأيرتاب فيه منصف

وإن مما يؤكد ذلك ما يلي: والأخرى: مخالفة الإمام مالك إياه في رفعه، فقال في "موطئه" (3/149): عن عبد الله بن دينار عن أبي صالح السمان أنه أخبره أن أبا هريرة قال: فذكره

موقوفا عليه وزاد: في الجنة

فرواية مالك هذه موقوفا مع هذه الزيادة يؤكد أن عبد الرحمن لم يحفظ الحديث فزاد في إسناده فجعله مرفوعا إلى النبي صلى الله عليه وسلم، ونقص من متنه ما زاده فيه جبل الحفظ الإمام مالك رحمه الله تعالى. وثمة دليل آخر على قلة ضبطه أن في الحديث زيادة شطر آخر بلفظ: وإن العبد ليتكلم بالكلمة من سخط الله لا يلقي لها بالاً يهوي بها في جهنم

فقد أخرجه الشيخان من طريق أخرى عن أبي هريرة مرفوعا به إلا أنه قال ما يتبين فيها يزل بها في النار أبعد مما بين المشرق والمغرب وعند الترمذي وحسنه بلفظ: "لا يرى بها بأساً يهوي بها سبعين خريفاً في النار وقد خرجت هذه الطريق الصحيحة مع شاهد لها في "سلسلة الأحاديث الصحيحة" برقم

(540). ثم خرجت له شاهداً من غير حديث أبي هريرة برقم (888)

وبعد فقط أطلت الكلام على هذا الحديث وراويه دفاعاً عن السنة ولكي لا يتقول متقول، أو يقول قائل من جاهل أوحاسد أو مغرض

إن الألباني قد طعن في "صحيح البخاري" وضعف حديثه، فقد تبين لكل ذي بصيرة أنني لم أحكم عقلي أورأيي كما يفعل أهل الأهواء قديماً وحديثاً، وإنما تمسكت بما قاله العلماء في هذا الراوي وما تقتضيه قواعدهم في هذا العلم الشريف ومصطلحه من رد حديث الضعيف، وبخاصة إذا خالف الثقة. والله ولي التوفيق

বাংলা

১২৯৯। বান্দা এক বাক্য বলে কিন্তু তা প্রভাব ফেলতে পারে এরূপ গুরুত্ব দিয়ে সে তা বলে না। কিন্তু আল্লাহ্

তা'আলা সে বাক্যের দ্বারা তার মর্যাদা উচু করে দেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ইমাম বুখারী (৬৪৭৮), আহমাদ (২/৩৩৪-৮২০৬), মারওয়াযঈ "যাওয়ায়েদুয যুহুদ" (৪৩৯৩) ও বাইহাকী "আশশুয়াব" গ্রন্থে (২/৬৭/১) আব্দুর রহমান ইবনু আদিল্লাহ ইবনে দীনার সূত্রে তার পিতা হতে, তিনি আবু সালেহ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুটি কারণে দুর্বলঃ

এক. আব্দুর রহমানের হেফযে ত্রুটি রয়েছে। তা সত্ত্বেও ইমাম বুখারী তার দ্বারা দলীল গ্রহণ করেছেন। কিন্তু মুহাদ্দিসগণ তার বিরোধিতা করে হেফযের দিক দিয়ে আব্দুর রহমানের সমালোচনা করেছেন।

১। ইয়াহইয়া ইবনু মাঈন বলেনঃ তার থেকে ইয়াহইয়া কাত্তান হাদীস বর্ণনা করেছেন। আমার নিকট তার হাদীসের মধ্যে দুর্বলতা রয়েছে। এটিকে ওকায়লী "আযযুয়াফা" গ্রন্থে (২/৩৩৯) ও ইবনু আদী "আল-কামেল" গ্রন্থে (৪/১৬০৭) বর্ণনা করেছেন।

২। আমর ইবনু আলী বলেনঃ আমি শুনি যে, আব্দুর রহমান ইবনু মাহদী হতে কখনও কোন হাদীস বর্ণনা করা হয়েছে। এ কথা ইবনু আদী বর্ণনা করেছেন।

৩। আবু হাতিম বলেনঃ তার মধ্যে দুর্বলতা রয়েছে। তার হাদীস লিখা যাবে কিন্তু দলীল হিসেবে গ্রহণ করা যাবে না। এ মন্তব্যটি ইবনু আবী হাতিম "আলজারহু আততাদীল" গ্রন্থে (২/৪/২৫৪) উল্লেখ করেছেন।

৪। ইবনু হিব্বান "আযযুয়াফা" গ্রন্থে (২/৫১) বলেনঃ তিনি তার পিতা হতে এককভাবে এমন হাদীস বর্ণনা করতেন যার মুতাবায়াত করা হয়নি। তার বর্ণনায় মারাত্মক ভুল থাকা সত্ত্বেও তিনি এককভাবে বর্ণনা করতেন। তিনি যখন এককভাবে হাদীস বর্ণনা করেছেন তখন তার হাদীসের দ্বারা দলীল গ্রহণ করা না-জায়েয। ইয়াহইয়া কাত্তান তার থেকে হাদীস বর্ণনা করতেন। মুহাম্মাদ ইবনু ইসমাঈল বুখারী তার দ্বারা দলীল গ্রহণ করতেন আর হাম্মাদ ইবনু সালামাহকে ত্যাগ করতেন।

৫। ইবনু আদী তার জীবনী বর্ণনা করতে গিয়ে তার কয়েকটি হাদীস উল্লেখ করে শেষে বলেছেনঃ তার কোন কোন বর্ণনা মুনকার যার মুতাবা'য়াত করা হয়নি। তিনি সেসব দুর্বল বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত যাদের হাদীস লিখা হয়।

৬। দারাকুতনী বলেনঃ ইমাম বুখারী তার ব্যাপারে লোকদের বিরোধিতা করেছেন। তিনি মাতরুক নন।

৭। হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তাকে নির্ভরযোগ্য আখ্যা দেয়া হয়েছে। ইবনু মাঈন বলেনঃ তার হাদীসের মধ্যে দুর্বলতা রয়েছে।

৮। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে সার সংক্ষেপে উল্লেখ করে বলেছেনঃ তিনি সত্যবাদী ভুলকারী।

ইবনুল মাদীনী যে বলেছেনঃ তিনি সত্যবাদী, আর বাগাবী যে বলেছেনঃ তিনি সালেহুল হাদীস। ইবনুল মাদীনীর কথা উপরোক্তদের কথার বিরোধী নয় কারণ হেফযে ত্রুটি থাকা সত্যবাদী হওয়ার অন্তরায় নয়। আর বাগাবীর মন্তব্য শায়, তার কথা তার বেশী বড় মুহাদিসগণের মন্তব্য বিরোধী।

দুই. ইমাম মালেক হাদীসটি মারফু হিসেবে বর্ণনা না করে "মুওয়াত্তা" গ্রন্থে (৩/১৪৯) মওকুফ হিসেবে বর্ণনা করে মারফু হিসেবে বর্ণনাকারীর বিরোধিতা করেছেন।

শাইখ আলবানী আলোচনার শেষে বলেছেনঃ এ হাদীসটির ব্যাপারে আমি দীর্ঘ ব্যাখ্যা প্রদান করলাম। কারণ, কেউ যেন এ কথা বলার সুযোগ না পায় যে, আমি (আলবানী) ইমাম বুখারী কর্তৃক হাদীসকে দুর্বল আখ্যা দিয়েছি। এছাড়া প্রত্যেক জ্ঞানীজনের নিকট যাতে স্পষ্ট হয়ে যায় যে, আমি আমার নিজ সিদ্ধান্ত দিয়ে কোন (মনগড়া) সিদ্ধান্ত প্রদান করি না যেমনটি মনোবৃত্তির অনুসারীগণ করে থাকেন। আমি উক্ত বর্ণনাকারী সম্পর্কে মুহাদিসগণের মন্তব্যগুলো উল্লেখ করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72178>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন